গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ভবন
পরিবেশ অধিদপ্তর, ই/১৬ আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd / www.ozonecellbd.org

পত্র সংখ্যা: পরিবেশ/ওডিএস(লাইসেন্স)/৯১৫(৩২তম খন্ড)/২০০৫-১২৮ তারিখ: ০২ জুলাই ২০২৫খ্রীঃ

বিষয়: **ওডিএস ও এইচএফসি আমদানি লাইসেন্স প্রদান সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. মুঃ সোহরাব আলি, অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
স্থান : সভাকক্ষ (কক্ষ নং-৬০৫), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
তারিখ ও সময় : ৩০ জুন, ২০২৫; বেলা ০৩:০০ ঘটিকা।
উপস্থিতি তালিকা: সংযুক্তি-'ক'।

**০২। উপস্থাপনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি কমিটির সদস্য-সচিবকে সভার বিষয়বস্তু উপস্থাপনের অনুরোধ করেন। সদস্য সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী উপ-কমিটি কর্তৃক ওডিএস আমদানি লাইসেন্স বরাদ্দ নীতিমালা, ২০২৫ এর প্রস্তাবিত খসড়া সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে, উপকমিটি কর্তৃক প্রস্তুতকৃত খসড়াটি বিগত ০২ জুন ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার আলোকে হালনাগাদ করা হয়েছে। বর্তমানে উক্ত খসড়াটি অধিকতর পর্যালোচনাপূর্বক চূড়ান্ত খসড়া প্রণয়ন করা যেতে পারে। এছাড়াও তিনি উপকমিটি কর্তৃক দাখিলকৃত ওডিএস আমদানি লাইসেন্স সংক্রান্ত অভিযোগের তদন্ত প্রতিবেদন এবং ২০২৫ সালের ওডিএস ও এইচএফসি আমদানি লাইসেন্স প্রাপ্তির আবেদনসমুহের সংক্ষিপ্তসার সভায় আলোচনার জন্য উপস্থাপন করেন।

**০৩. আলোচনা:**

৩.১। সদস্য সচিবের উপস্থাপনা শেষে সভাপতি প্রস্তুতকৃত খসড়া নীতিমালার উপর সকলের মতামত জানতে চাইলে, সভায় উপস্থিত সকলে প্রস্তাবিত সংশোধিত ওডিএস আমদানি লাইসেন্স বরাদ্দ নীতিমালা, ২০২৫-এর খসড়ার উপর মতামত প্রদান করেন। সভাপতি বলেন যে, সভায় প্রাপ্ত মতামতসমূহের আলোকে অতিদ্রুত নীতিমালার চূড়ান্ত খসড়া প্রণয়নপূর্বক মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য পেশ করার উদ্যোগ নিতে হবে।

৩.২। অতঃপর বিগত ২৯.০৫.২০২৫ তারিখে উপকমিটি কর্তৃক দাখিলকৃত ওডিএস আমদানি লাইসেন্স সংক্রান্ত অভিযোগের তদন্ত প্রতিবেদনটি সভায় পর্যালোচনা করা হয়। কমিটি সদস্য ও অভিযোগ তদন্ত উপকমিটির আহবায়ক মির্জা শওকত আলী সভাকে জানান যে, অভিযুক্ত প্রতিষ্ঠানসমূহ তদন্তে ৪টি টিম গঠন করা হয়েছিল। প্রতিটি টিমে পরিবেশ অধিদপ্তরের ২ জন করে কর্মকর্তাসহ সংশ্লিষ্ট এসোসিয়েশন/সমিতিসমূহের ১ জন করে মোট ৩ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। তাই, দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশের আলোকে অভিযুক্ত প্রতিষ্ঠানসমূহের ওডিএস লাইসেন্স বরাদ্দের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের প্রস্তাব করেন। উপস্থিত সকলে এ বিষয়ে একমত প্রকাশ করেন।

৩.৩। কমিটির সদস্য জনাব মোঃ জিয়াউল হক ২০২৫ সালের ওডিএস আমদানি লাইসেন্স বরাদ্দের জন্য নতুন কতগুলো আবেদন পাওয়া গিয়েছে এবং নতুন প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করা হয়েছে কিনা তা জানতে চান। সদস্য সচিব জানান যে, ওডিএস আমদানির জন্য প্রাপ্ত আবেদনসমূহের মধ্যে ২৭টি নতুন আবেদন রয়েছে, যার মধ্যে ৮টি প্রতিষ্ঠানের অনুকূলে বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স নেই। বাকি প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের জন্য ২টি টীম গঠন করা হয়েছে এবং উক্ত পরিদর্শন টিমের সদস্যগণ সভায় উপস্থিত রয়েছে। সভাপতির অনুমতিক্রমে পরিদর্শন টিমের সদস্যগণ জানান যে, ইতোমধ্যে বেশ কয়েকটি প্রতিষ্ঠান পরিদর্শন সম্পন্ করা হয়েছে , তবে বাকি প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের জন্য আরো কিছু সময় প্রয়োজন। সভাপতি নতুন আবেদনকৃত সকল প্রতিষ্ঠানের সরেজমিন তদন্ত সম্পন্ন না হওয়ায় পরিদর্শন দলকে দ্রুত পরিদর্শন সমাপ্ত করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.৪। এইচএফসি আমদানি লাইসেন্স বরাদ্দের বিষয়ে সদস্য সচিব জানান যে, বাংলাদেশের এইচএফসি আমদানি/ব্যবহারের নির্ধারিত কোটা ৫৪,৭৩,৫৩২.০০ টন GWP সমতুল্য এইচএফসি দ্রব্য। যার বিপরীতে ইতোপূর্বে তিনটি সভায় মোট ৪৭,৮০,১১১.৮৪ টন GWP সমতুল্য এইচএফসি আমদানির জন্য লাইসেন্স বরাদ্দ প্রদান করা হয়েছে এবং মাত্র ৬,৯৩,৪২০.১৬ টন GWP সমতুল্য এইচএফসি আমদানি কোটা অবশিষ্ট রয়েছে। বর্তমান সভায় বিবেচনার জন্য মোট ৭৮টি আবেদন পাওয়া (বিগত ২০ মে ২০২৫ হতে ৩০ জুন ২০২৫ পর্যন্ত সময়ে প্রাপ্ত) গিয়েছে, যার বিপরীতে মোট ২১,০৪,০৮৫.০০ টন GWP প্রয়োজন, যা অবশিষ্ট কোটা হতে অনেক বেশি। প্রাপ্ত আবেদনসমূহের মধ্যে ইতোমধ্যে এইচএফসি আমদানি লাইসেন্স পেয়েছে এরূপ অনেক প্রতিষ্ঠানও রয়েছে। এছাড়াও আবেদনসমূহের মধ্যে চিলারে ব্যবহৃত R-507-এর জন্য দুটি প্রতিষ্ঠান আবেদন করেছে। তিনি আরো জানান যে, বিগত ২৩.০৬.২০২৫ তারিখ যমুনা ইলেকট্রনিক্স এন্ড অটোমোবাইল লিঃ এবং ২৪.০৬.২০২৫ তারিখে সিঙ্গার বাংলাদেশ লিঃ নিকট হতে দুইটি আবেদন পাওয়া গিয়েছে। আবেদন মোতাবেক দেখা যায়, যমুনা ইলেকট্রনিক্স এন্ড অটোমোবাইল লিঃ এর আমদানিকৃত R-410A ও R-32 এবং সিঙ্গার বাংলাদেশ লিঃ এর আমদানিকৃত R-32 ইতোমধ্যে চট্টগ্রাম বন্দরে অপেক্ষমান রয়েছে। এপ্রেক্ষিতে জনাব মোঃ জিয়াউল হক মতামত দেন যে, এ পর্যায়ে শুধুমাত্র বন্দরে অপেক্ষমান দুটি প্রতিষ্ঠানকে R-410A ও R-32 ও চিলারের কাজে ব্যবহারের জন্য R-507 বরাদ্দ প্রদান করা যেতে পারে এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে তাদের পূর্বের লাইসেন্সের বিপরীতে এইচএফসি আমদানি নিশ্চিত করা সাপেক্ষে পরবর্তী সময়ে বিবেচনা করা যেতে পারে।

**০৩। সিদ্ধান্তঃ**

সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক) সভার আলোচনা মোতাবেক প্রস্তাবিত ওডিএস আমদানি বরাদ্দ নীতিমালা, ২০২৫ এর খসড়া চূড়ান্ত করে অনুমোদন জন্য মহাপরিচালক মহোদয় বরাবর দাখিলের সুপারিশ করা হয়।

খ) ওডিএস ও এইচএফসি আমদানি লাইসেন্সের অভিযোগ তদন্ত সংক্রান্ত উপকমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুমোদন করা হয় এবং তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী পরবর্তী সভায় ওডিএস লাইসেন্স বরাদ্দের সুপারিশ করা হয়।

গ) ওডিএস আমদানি বরাদ্দ নীতিমালা, ২০২৫ এর প্রস্তুতকৃত চূড়ান্ত খসড়া মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে পরবর্তী সভায় ওডিএস আমদানি লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) ওডিএস আমদানির জন্য নতুন আবেদনকৃত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের জন্য গঠিত কমিটি কর্তৃক আগামী ৫ (পাঁচ) দিনের মধ্যে সরেজমিন তদন্ত সম্পন্ন করে মতামতসহ প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ) জরুরি অবস্থা বিবেচনায় **সংযুক্ত-ক** অনুযায়ী মোট ৫টি আবেদনের বিপরীতে মোট ৮০,০০৭.৭৭ টন GWP সমতুল্য এইচএফসি আমদানি লাইসেন্স বরাদ্দের সুপারিশ গৃহীত হয়।

চ) এইচএফসি আমদানি লাইসেন্স এর জন্য প্রাপ্ত অন্যান্য আবেদনগুলো অধিকতর পর্যালোচনা এবং ইতোমধ্যে ইস্যুকৃত লাইসেন্সের বিপরীতে বরাদ্দকৃত পরিমাণ আমদানির বিষয়ে প্রয়োজনীয় প্রমাণক সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/০৯/২৫
(মোঃ মহিউদ্দিন মানিক)
উপপরিচালক ও
প্রকল্প পরিচালক
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য-সচিব

০২/০৯/২৫
(ড. মোহাম্মদ আব্দুল মোতালিব)
উপপরিচালক (বায়ুমান
ব্যবস্থাপনা)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

০২/০৯/২৫
(মির্জা শওকত আলী)
পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ
কনঃ)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
ও
সদস্য

০২/০৯/২০২৫
(মোঃ জিয়াউল হক)
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

02.09.25
(ড. মুঃ সোহরাব আলি)
অতিরিক্ত মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
আহবায়ক

সংযুক্ত ছক-ক

| SL No | Request Number | Request Date | Company Name | Company Address | Purpose Of Import | Refrigerant Name | Quantity | GWP | Total GWP | Recommended Quantity for Approval | Recommended Total GWP for Approval |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | R25058366 | 06/24/2025 | JAMUNA ELECTRONICS & AUTOMOBILES LTD. | Sinabha; Kaliakair PS; Gazipur - 1750; Bangladesh Gazipur | (A) Production | R-410A | 4520.00 | 2087.50 | 9435.50 | 4520.00 | 9435.5 |
| 2 | R25058331 | 06/24/2025 | JAMUNA ELECTRONICS & AUTOMOBILES LTD. | Sinabha; Kaliakair PS; Gazipur - 1750; Bangladesh Gazipur | (A) Production | R-32 | 19950.00 | 675.00 | 13466.25 | 19950.00 | 13466.25 |
| 3 | R25049525 | 05/25/2025 | Singer Bangladesh Limited | Narayanganj - | (A) Production | R-32 | 8550.00 | 675.00 | 5771.25 | 8550.00 | 5771.25 |
| 4 | R25058029 | 06/23/2025 | A. R TRADE INTERNATIONAL | Wari; Dhaka | (C) Sales | R-507 | 6441.00 | 3985.00 | 25667.39 | 6441.00 | 25667.385 |
| 5 | R25049426 | 05/25/2025 | Reaz Enterprise | 35/5, Block-F, Babor Road; Mohammadpur PS; Dhaka - 1207; | (C) Sales | R-507 | 12995.00 | 3985.00 | 51785.08 | 6441.00 | 25667.385 |
| | | | | | | | | | | Total= | 80007.77 |

| | GWP |
|---|---|
| Baseline | 5473532.00 |
| Approved 1st, 2nd & 3rd Installment | 4780111.84 |
| Recommendation for 4th Installment | 80007.77 |
| Remaining Quota | **613412.40** |